

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 24-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ত্রিপুরা স্টার্টআপ পলিসি, ২০২৪-এর সূচনা করেন ।
- (২) আজ জাতীয় শিশু কণ্যা দিবস ।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে ৭ দিনব্যাপী তৃতীয় শহুরি সমৃদ্ধি উৎসবের উদ্বোধন করেন ।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় সার্ভিসেসের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নেয়ার জন্য লড়াই করছে ত্রিপুরা ।

CM-Startup Policy :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ত্রিপুরা স্টার্টআপ পলিসি, ২০২৪-এর সূচনা করেন। এ উপলক্ষ্যে আগরতলার প্রজ্ঞাভবনে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের উদ্যোগী যুবক যুবতীরা এই পলিসির মাধ্যমে আর্থিক সহ বিভিন্ন সহযোগিতা পাবেন। যুবা সম্প্রদায়ের উদ্যোগপতি হওয়ার স্বপ্নপূরণে ত্রিপুরা স্টার্টআপ পলিসি-২০২৪ সহায়ক ভূমিকা নেবে। এই পলিসির লক্ষ্য হচ্ছে যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। এই পলিসির মাধ্যমে যুবক-যুবতীরা জব ক্রিয়েটর হিসেবেও নিজেদের তৈরি করতে পারবেন। রাজ্য সরকার

প্রধানমন্ত্রীর মার্গদর্শনে রাজ্যে স্টার্টআপ ইন্ডিয়া প্রকল্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে কাজ করছে।

মুখ্যসচিব জে কে সিনহা বলেন, ত্রিপুরা স্টার্টআপ পলিসিতে রাজ্যের বেকার যুবারা ২ লক্ষ টাকার প্রাথমিক পুঁজির সুবিধা পাবে। মহিলা এবং দিব্যাঙ্গজনদের নেতৃত্বাধীন স্টার্টআপগুলির জন্য আরও কিছু সুবিধা দেওয়া হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য প্রযুক্তিমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্যে, মেইটি স্টার্টআপ হাবের সিইও পানীরসেলভাম মদনগোপাল এবং তামিলনাড়ু টেকনোলজি হাবের সিইও বনিতা বেণুগোপাল।

Girl Child Day-National :

সমাজে মেয়েদের অধিকার, শিক্ষা, স্বাস্থ্য এবং নিরাপত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আজ সারাদেশে জাতীয় শিশু কণ্যা দিবস পালিত হচ্ছে। আজকের দিনটি ২২শে জানুয়ারী ২০১৫সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দ্বারা চালু করা বেটি বাঁচাও, বেটি পড়াও প্রকল্পের বার্ষিকীকেও চিহ্নিত করে। এই যুগান্তকারী উদ্যোগটির লক্ষ্য হল মেয়েদের শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা প্রদান, কণ্যা ভ্রূণহত্যা, বাল্যবিবাহ এবং লিঙ্গ বৈষম্যের মতো জটিল সমস্যাগুলি মোকাবেলা করা। এবছর জাতীয় শিশু কণ্যা দিবসের ভাবনা হল "উজ্জ্বল ভবিষ্যতের জন্য মেয়েদের ক্ষমতায়ন"।

মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রকের উদ্যোগে, ২০০৮ সালে ভারতে প্রথম জাতীয় কন্যা শিশু দিবস পালন করা হয়েছিল।

Girl Child Day :

জাতীয় শিশু কণ্যা দিবস উপলক্ষে আজ আগরতলায় মহিলা মহাবিদ্যালয়ে এক সেমিনারের আয়োজন করা হয়। মহাবিদ্যালয়ের

ভারপ্রাপ্ত অধ্যক্ষা শর্বরী নাথ জানান, বেটি বাঁচাও বেটি পড়াও শ্লোগানকে সামনে রেখে মেয়েদের সচেতন করার উপর সেমিনারে আলোচনা করা হয়েছে। তিনি আরও জানান, মেয়েরা সমান মর্যাদা পেলে দেশ উন্নত হবে। তাই মেয়েদের উন্নতির জন্য সমান সুযোগ করে দিতে হবে।

Parade-New Delhi :

৭৬তম প্রজাতন্ত্র দিবসে নয়াদিল্লি'র কর্তব্যপথে কুচকাওয়াজ প্রত্যক্ষ করতে সারা দেশ থেকে প্রায় দশ হাজার জন বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রিত হয়েছেন। আমন্ত্রিতদের তালিকায় রয়েছেন সমাজের নানা স্তরের নাগরিক। ত্রিপুরা থেকে আমন্ত্রণ পেয়েছেন মোট ৯৫ জন। এদের মধ্যে পিএম যশস্বী প্রকল্পে বৃত্তি পাওয়া ছাত্রছাত্রী থেকে শুরু করে, অঙ্গনওয়াড়ি কর্মী, ত্রি-স্তর পঞ্চায়েত প্রতিনিধি, বন সংরক্ষক, হস্তকারু, পানীয় জল, গ্রামোন্নয়ন, বনধন যোজনা, পি এম জনমন, মৎস্য সম্পদ যোজনার সুবিধাভোগীরা রয়েছেন, রয়েছেন জিলা ও ব্লক পঞ্চায়েত এর প্রতিনিধিরা। রাজধানী দিল্লিতে ২৬ জানুয়ারী প্রজাতন্ত্র দিবসের প্যারেড দেখতে নির্বাচিত প্রতিনিধিরা আজ রওয়ানা হয়েছেন। আকাশবাণীর সঙ্গে সাক্ষাৎকারে তাঁরা জানান, রাজধানী দিল্লিতে প্যারেড দেখার আমন্ত্রণ পেয়ে তাঁরা অত্যন্ত আনন্দিত।

বিশেষ অতিথি'র তালিকায় রয়েছেন কৈলাশহরের উত্তর ইরাণি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী হাসনা বেগম। কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা ও পুষ্টি বিষয়ে তিনি কাজ করেন। তাকে আমন্ত্রণ জানানোয় কারণে গ্রামের সবাই আনন্দিত।

#####Byte- Hasna Begum#####

প্রধানমন্ত্রী মৎস্যসম্পদ যোজনায় একজন সুবিধাভোগী -
কুমারঘাটের মৎস্যজীবী দিগ্বিজয় দাস ভৌমিক বলেন, একজন
সাধারণ মৎস্যজীবী হিসেবে নয়াদিল্লি'তে যাবার ডাক পেয়ে তিনি
খুবই খুশি। তিনি এজন্য সরকার ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'কে
ধন্যবাদ জানান।

#####Byte- Digbijay Das#####

প্রধানমন্ত্রীর যশস্বী প্রকল্পের আওতায় স্কলারশিপপ্রাপ্ত বিএড, বি
টেক, বি ফার্মা কোর্সের পড়ুয়া ৬ জন ছাত্রছাত্রীও দিল্লিতে
প্রজাতন্ত্র দিবসের প্যারেড দেখার জন্য আমন্ত্রণ পেয়েছেন। এদের
মধ্যে আগরতলার সুস্মিতা দেবনাথ জানান, যশস্বী স্কিমের সুবিধা
পেয়ে ওবিসি- ভুক্ত ছেলেমেয়েরা উচ্চতর শিক্ষা নিতে পারবে।
দিল্লিতে প্রজাতন্ত্র দিবসের প্যারেড দেখতে যাবার আমন্ত্রণ পেয়ে
তিনি খুবই খুশি।

#####Byte-Sushmita Debnath#####

Republic Day-OBC Welfare :

নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবসের প্যারেড দেখার জন্য আমন্ত্রিত ৬
জন মেধাবী ছাত্রছাত্রীকে আজ ও.বি.সি কল্যাণ দপ্তরের পক্ষ
থেকে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন
ও.বি.সি কল্যাণমন্ত্রী সান্তনা চাকমা। তিনি নয়াদিল্লির প্রজাতন্ত্র
দিবস অনুষ্ঠান প্রত্যক্ষ করার পর রাজ্যে ফিরে এসে তাদের
অভিজ্ঞতা তুলে ধরে অন্যদের অনুপ্রাণিত করার জন্য পরামর্শ
দেন।

#####Byte- Santana Chakma#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

CM-Shehri Samriddhi Utsab :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে ৭ দিনব্যাপী তৃতীয় শহুরি সমৃদ্ধি উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্যে মহিলাদের ক্ষমতায়নের জন্য টি.আর.এল.এম ভালো কাজ করছে। বর্তমানে রাজ্যে এখন ৫২ হাজার ৪৬০টি স্বসহায়ক দল রয়েছে। বিভিন্ন স্বসহায়ক দলের সঙ্গে যুক্ত হয়ে রাজ্যে ৯১ হাজার ৮৭১ জন লাখপতি দিদি হয়েছেন। রাজ্য সরকারও টি.আর.এল.এম-এর জন্য বাজেটে বরাদ্দ বৃদ্ধি করেছে।

#####Byte-CM#####

অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বলেন, এবারের এই উৎসবে মোট ১১৯টি স্টল খোলা হয়েছে। এর মধ্যে ২১টি স্টল বিভিন্ন সরকারি দপ্তরের। শহর ও গ্রাম থেকে স্ব-সহায়ক দলের সদস্যরা তাদের তৈরি জিনিসপত্র নিয়ে স্টল সাজিয়েছেন।

Mahakumbh :

এবার মহাকুম্ভের খবর।

#####Sound Byte#####

উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভের দ্বাদশতম দিনে আজ ত্রিবেণী সঙ্গমে বিপুল সংখ্যক ভক্ত পুণ্যস্নান করেন। ঠান্ডাকে উপেক্ষা করেই, ভোররাত থেকে গঙ্গা, যমুনা ও সরস্বতীর মিলনস্থল ত্রিবেণী সঙ্গমে অমৃতস্নান করেছেন ভক্তরা। উত্তর প্রদেশ সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, এখনও পর্যন্ত ১০ কোটি ২১ লক্ষেরও বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে পুণ্যস্নান করেছেন। ৪৫ দিনের মহাকুম্ভ মেলা গত ১৩ই জানুয়ারি থেকে শুরু হয়েছে।

#####Sound Byte#####

AIR, DDK :

আকাশবাণী এবং দূরদর্শন ২৬শে জানুয়ারী কর্তব্য পথ থেকে ৭৬তম প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজের সরাসরি সম্প্রচারের জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত। এই সম্প্রচার ওটিটি প্ল্যাটফর্ম সহ আকাশবাণী এবং দূরদর্শনের সমগ্র নেটওয়ার্কে উপলব্ধ হবে। তথ্য ও সম্প্রচার সচিব, সঞ্জয় জাজু, আজ কর্তব্য পথ থেকে সম্প্রচারের প্রস্তুতি পর্যালোচনা করেন। তিনি আকাশবাণী এবং দূরদর্শন টিমের প্রচেষ্টার প্রশংসা করেন। প্রসার ভারতীর সিইও, গৌরব দ্বিবেদী বলেন, উচ্চ গুণমানের ছবি নিশ্চিত করতে এবার 4K ক্যামেরা স্থাপন করা হয়েছে, যা আগের তুলনায় আট গুণ ভালো।

AIR-Seminar :

সচেতনতা বৃদ্ধি এবং জনশিক্ষা প্রচারের লক্ষ্যে আকাশবাণী আগরতলা আজ নেতাজি সুভাষ ও আজকের যুবসমাজ শীর্ষক

এক সেমিনারের আয়োজন করে আগরতলার টেকনো কলেজ অব ইঞ্জিনিয়ারিং এর অডিটোরিয়ামে। টেকনো কলেজ অব ইঞ্জিনিয়ারিং-এর অধ্যক্ষ ড: দিবাকর দেবে স্বাগত ভাষণে ছাত্রসমাজকে নেতাজি সুভাষ চন্দ্র বসুর আদর্শ এবং নেতৃত্ব থেকে অনুপ্রাণিত হওয়ার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

কলেজের সহকারী অধ্যাপক সিদ্ধার্থ শঙ্কর দেব, টি আই টির অধ্যাপক ড. জয়ন্ত চক্রবর্তী এবং শ্রম পরিদর্শক অভিজিৎ দেব অনুষ্ঠানে আলোচনা করেন। নেতাজির জীবন ও কর্মের উপর বক্তব্য রাখেন। সেমিনারে উপস্থিত ছিলেন আকাশবাণী আগরতলার অনুষ্ঠান প্রধান জয়শ্রী দেববর্মা। ছাত্রছাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি কুইজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় সার্ভিসেসের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নেয়ার জন্য লড়াই করছে ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে আজ দ্বিতীয় দিনে ৪ উইকেটে ১১৬ রান থেকে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২১২ রান করে। দলের পক্ষে এস. শরথ ৭৬ রানে করে। জবাবে খেলতে নেমে সার্ভিসেস প্রথম ইনিংসে দিনের শেষে ১ উইকেট হারিয়ে ১১৪ রান তুলে নেয়।
